# প্রেস বিজ্ঞপ্তি

## <u>জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ</u>
## <u>বিভিন্ন অপরাধে ৫১টি প্রতিষ্ঠানকে ২.৩৫ লক্ষ টাকা জরিমানা</u>

**২৬ জানুয়ারি ২০১৭ খ্রি:**

বাণিজ্য মন্ত্রণালয়াধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয়, বিভিন্ন বিভাগ ও জেলা কার্যালয়ের ১৪ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, মানিকগঞ্জ, রাজবাড়ী, নারায়ণগঞ্জ, জামালপুর, শরীয়তপুর, রাজশাহী, ঠাকুরগাঁও, কুষ্টিয়া, দিনাজপুর, নোয়াখালী, গাইবান্ধা, সিলেট ও হবিগঞ্জে আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর তেজগাঁও এলাকায় পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে কে কে বেকারীকে **৫০,০০০/- (পঞ্চাশ হাজার)** টাকা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধে বন্ধু বেকারীকে **৩০,০০০/- (ত্রিশ হাজার)** টাকাসহ মোট **৮০,০০০/- (আশি হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

মানিকগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ মাগফুর রহমানের নেতৃত্বে মানিকগঞ্জ সদর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা, রাজবাড়ী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ ফেরদৌস শিকদারের নেতৃত্বে রাজবাড়ীর কালুখালী উপজেলায় **৬টি** প্রতিষ্ঠানকে **৮,০০০/- (আট হাজার)** টাকা, নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক তাহমিনা বেগমের নেতৃত্বে নারায়ণগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১০,০০০/- (দশ হাজার)** টাকা, জামালপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে জামালপুর সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, শরীয়তপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে শরীয়তপুরের জাজিরা উপজেলায় **১টি** প্রতিষ্ঠানকে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকাসহ মোট **৪১,০০০/- (একচল্লিশ হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, ওজনে কারচুপি, সেবার মূল্যের তালিকা সংরক্ষণ ও প্রদর্শণ না করা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

রাজশাহী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক অপূর্ব অধিকারীর নেতৃত্বে রাজশাহীর তানোর উপজেলায় **৪টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকা ও অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে এস কে ফুড ওয়ার্ল্ডকে **১,০০০/- (এক হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **২৫০/- (দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ হাসান আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও সদর ও রুহিয়া থানা এলাকায় **৬টি** প্রতিষ্ঠানকে **২৫,০০০/- (পঁচিশ হাজার)** টাকা, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ সেলিমুজ্জামানের নেতৃত্বে কুষ্টিয়া সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **২০,০০০/- (বিশ হাজার)** টাকা, দিনাজপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মমতাজ বেগমের নেতৃত্বে দিনাজপুরের পার্বতীপুর উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **১১,০০০/- (এগার হাজার)** টাকা, নোয়াখালী জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মুহাম্মদ রায়হান কুদ্দুসের নেতৃত্বে নোয়াখালী সদর উপজেলায় **৩টি** প্রতিষ্ঠানকে **১২,০০০/- (বার হাজার)** টাকা, গাইবান্ধা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শেখ সাদীর নেতৃত্বে গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলায় **৫টি** প্রতিষ্ঠানকে **৯,০০০/- (নয় হাজার)** টাকা, সিলেট জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ জাহাঙ্গীর আলমের নেতৃত্বে সিলেটের জালালাবাদ থানা এলাকায় **৪টি** প্রতিষ্ঠানকে **১৭,০০০/- (সতের হাজার)** টাকা এবং হবিগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোহাম্মদ সেলিমের নেতৃত্বে হবিগঞ্জ সদর উপজেলায় **২টি** প্রতিষ্ঠানকে **৭,০০০/- (সাত হাজার)** টাকাসহ মোট **১,০৯,০০০/- (এক লক্ষ নয় হাজার)** টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, পরিমাপে কারচুপি, পণ্যের মূল্যের তালিকা প্রদর্শন না করা, সেবা গ্রহীতার জীবন বা নিরাপত্তা বিপন্নকারী কার্য, পণ্যের নকল প্রস্তুত বা উৎপাদন, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো ও মেয়াদ উত্তীর্ণ পণ্য বা ঔষধ বিক্রয়ের অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

এছাড়া প্রধান কার্যালয়ের সহকারী পরিচালক আফরোজা রহমান কর্তৃক অভিযোগ শুনানীর মাধ্যমে ধার্য্যকৃত মূল্যের অধিক মূল্যে পণ্য বিক্রয়ের অপরাধে Topkapi Restaurant কে **৫,০০০/- (পাঁচ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় এবং ১ জন অভিযোগকারীকে জরিমানার ২৫% হিসেবে **১,২৫০/- (এক হাজার দুইশত পঞ্চাশ)** টাকা প্রদান করা হয়।

আজকের **১৪টি** বাজার তদারকি ও **২টি** অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে **৫১টি** প্রতিষ্ঠানকে মোট **২,৩৫,০০০/- (দুই লক্ষ পঁয়ত্রিশ হাজার)** টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। আদায়কৃত জরিমানা হতে **২ জন** অভিযোগকারীকে মং **১,৫০০/- (এক হাজার পাঁচশত)** টাকা প্রদান করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, স্যানেটারী ইন্সপেক্টর, নিরাপদ খাদ্য পরিদর্শক, সিভিল সার্জনের প্রতিনিধি, বাজার পরিদর্শক, বাজার কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
(আফরোজা রহমান)
সহকারী পরিচালক (কার্যক্রম)

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, র‍্যাব/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও সিলেট মহানগর।
৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ঢাকা, মানিকগঞ্জ, রাজবাড়ী, নারায়ণগঞ্জ, জামালপুর, শরীয়তপুর, রাজশাহী, ঠাকুরগাঁও, কুষ্টিয়া, দিনাজপুর, নোয়াখালী, গাইবান্ধা, সিলেট ও হবিগঞ্জ।
৭। পুলিশ সুপার, ঢাকা, মানিকগঞ্জ, রাজবাড়ী, নারায়ণগঞ্জ, জামালপুর, শরীয়তপুর, রাজশাহী, ঠাকুরগাঁও, কুষ্টিয়া, দিনাজপুর, নোয়াখালী, গাইবান্ধা, সিলেট ও হবিগঞ্জ।
৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১০। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১২। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।